# চট্টগ্রাম পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

ছবি

ওয়াসা অফিস ভবন, দামপাড়া, চট্টগ্রাম

গভীর নলকূপ লাইসেন্সের আবেদনের ছক

চট্টগ্রাম ওয়াসা মালিকানা বহির্ভূত ওয়াসা এলাকা/অভ্যন্তরে গভীর নলকূপ লাইসেন্সের অনুমোদনের আবেদনপত্র-

| | | | |
|---|---|---|---|
| ১। | (ক) | আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ও পূর্ণ ঠিকানা, | ঃ |
| | (খ) | আবেদনকারী ব্যক্তির পিতা/স্বামীর নাম | ঃ |
| | (গ) | প্রতিষ্ঠানের মালিকের নাম ও ঠিকানা | ঃ |
| | (ঘ) | প্রতিষ্ঠানের প্রধান কার্য্যধ্যক্ষের পদবী ও নাম | ঃ |
| ২। | (ক) | কি ধরনের প্রতিষ্ঠান ব্যক্তি মালিকানা/পার্টনারশীপ/লিমিটেড কোম্পানী | ঃ |
| | (খ) | লিমিটেড কোম্পানী হলে ইহার স্বপক্ষে কাগজপত্র দিতে হবে | ঃ |
| ৩। | | স্থাপিত/স্থাপিতব্য গভীর নলকূপ ঃ | |
| | (ক) | অবস্থান........................................................ | ঃ |
| | (খ) | হোল্ডিং নাম্বার.................................................. | ঃ |
| | (গ) | মৌজার নাম................................................... | ঃ |
| | (ঘ) | আর এস খতিয়ান নং...................................... | ঃ |
| | (ঙ) | বি এস খতিয়ান নং ...................................... | ঃ |
| | (চ) | আর এস দাগ নং ....................................... | ঃ |
| | (ছ) | বি এস দাগ নং ............................................... | ঃ |
| | | জমির মালিকানার স্বপ ক্ষে কাগজপত্র দিতে হবে | |
| ৪। | (ক) | উক্ত হোল্ডিংয়ে কবে প্রথম ঘর তেরী করা হয় | ঃ |
| | (খ) | ঘর/বাড়ীর পিস্থ এরিয়া কত | ঃ |
| | (গ) | ঘর/ বাড়ী সিডিএ কর্তৃক অনুমোদিত কিনা ? হ্যাঁ / না। | ঃ |
| | | অনুমোদিত হলে সিডিএ এর অনুমোদনপত্র সংযোজন করতে হবে | |
| ৫। | (ক) | পানির দৈনিক গড় চাহিদা | ঃ |
| | (খ) | পানি ব্যবহারের প্রকৃতি/উদ্দেশ্য/আবাসিক/অনাবাসিক | ঃ |
| ৬। | (ক) | নলকূপের ব্যাস (ইঞ্চি) | ঃ |
| | (খ) | কত ঘোড়া পাম্প ব্যবহার করা হবে | ঃ |
| | (গ) | দৈনিক কত ঘন্টা চালানো হবে | ঃ |
| | (ঘ) | নলকূপের গভীরতা | ঃ |

আবেদনকারীর অনুস্বাক্ষর

চলমান পাতা-২

৭। সংশ্লিষ্ট হোল্ডিং এ ওয়াসা কর্তৃক প্রদত্ত পানি / পয়ঃ সংযোগ (যদি থাকে) এর বিবরণ ঃ-

| ক্রমিক নং | পানি সংযোগের হিসাব নং | পানি সংযোগের ব্যাস | পানি সংযোগ গ্রহণের তারিখ | কর পরিশোধ বকেয়ার বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

(আরও অধিক সংযোগ থাকলে এ ছক অনুসারে অতিরিক্ত ফর্দ তথ্য পরিবেশন করুন)

| ক্রমিক নং | পানি সংযোগের হিসাব নং | পানি সংযোগের ব্যাস | পানি সংযোগ গ্রহণের তারিখ | কর পরিশোধ বকেয়ার বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

আবেদনকারীর অনুস্বাক্ষর

## গভীর নলকূপ স্থাপন ও পানি উত্তোলন সম্পর্কিত তথ্য

৮। (ক) বর্তমান নলকূপ স্থাপন ও পানি উত্তোলনের তারিখ ঃ

(খ) প্রস্তাবিত নলকূপের আনুমানিক স্থাপন ও পানি উত্তোলনের তারিখ ঃ

০৯। নিকটস্থ ওয়াসার বা অন্য কারো গভীর নলকূপ / নলকূপগুলির দুরুত্ব (যদি ২৫০০ ফুট/ লম্বাকার দুরুত্বের অধিক অবস্থিত হয়) হোল্ডিংয়ের নম্বর ও মালিকের নাম/ঠিকানা সহকারে ঃ

১০। স্বীকৃতি ঃ-

আমি ওয়াসা অধ্যাদেশ (১৯,১৯৮৩ ইং) বিশেষ করে উক্ত অধ্যাদেশের ২১ এ ইহার সংশোধনী সম্বলিত অধ্যাদেশ নম্বর ১০, ১০৮৯ ইং এবং চট্টগ্রাম ওয়াটার সাপ্লাই ও স্যুয়ারেজ অথরিটি (ওয়াটার কানেকশন ও লেভী জারী করা হয়েছে) সতর্কতার সাথে পাঠ করেছি। এই আবেদনের সাথে সংযোজিত কার্যপদ্ধতি আমি সতর্কতার সাথে পাঠ করে জ্ঞাত হলাম। আমি এতদ্বারা অংগীকার করছি যে, এই সমস্ত আইন রুল ও কার্যপদ্ধতির বিধান আমি সর্বতভাবে মেনে চলব।

১১। সর্তপাঠ ঃ- এই আবেদনের পরিপ্রেক্ষিতে সমুদয় তথ্য আমি স্বজ্ঞানে সন্নিবেশ করছি। এতে আমি মিথ্যা বা প্রচ্ছন্নতা অবলম্বন করিনি।

তারিখঃ-

**স্বাক্ষর**

**আবেদনকারীর পূর্ন নাম সম্বলিত**

**(সীল সহকারে)**

তিনজন বিশিষ্ট স্বাক্ষীর স্বাক্ষর ঃ-

১। (পূর্ন নাম সম্বলিত স্বাক্ষর)
পিতার নাম ঃ-
ঠিকানা ঃ-

২। (পূর্ন নাম সম্বলিত স্বাক্ষর)
পিতার নাম ঃ-
ঠিকানা ঃ-

২। (পূর্ন নাম সম্বলিত স্বাক্ষর)
পিতার নাম ঃ-
ঠিকানা ঃ-

চলমান পাতা-৪

# কার্যবিধি

আবেদনপত্র ক্রমিক

নং.............................

## আবেদনের নিয়মাবলী

প্রথম অংশ

(নিয়ম/শর্ত)

১। শুধুমাত্র নির্ধারিত ছকে লিখিত আবেদনের ভিত্তিতে নলকূপ স্থাপনের অনুমতি ও পূর্বে স্থাপিত নলকূপের রিনিউয়্যাল বিবেচনা করা হবে।

২। আবেদনের নির্ধারিত ছক সঠিকভাবে পূরণ করে মালিক কর্তৃক স্বাক্ষর করার পর কভারি পত্র দ্বারা ব্যবস্থাপনা পরিচালক/বাণিজ্যিক ব্যবস্থাপক/প্রধান রাজস্ব কর্মকর্তা বরাবরে দাখিল করতে হবে।

৩। চট্টগ্রাম ওয়াসা সংশ্লিষ্ট এলাকায় কর্তৃপক্ষের বর্তমান পানি সরবরাহ পরিস্থিতি ভবিষ্যৎ প্রকল্প নিজস্ব ও অন্যান্য নলকূপের অবস্থান এবং অন্যান্য কারিগরী দিক পরীক্ষা কওে আবেদনের উপর মন্তব্য প্রদান করার পর কর্তৃপক্ষের বকেয়া পাওনা থাকলে তা পরিশোধের পর এবং ওয়াসার সার্বিক উন্নয়ন প্রকল্পের প্রেক্ষাপটে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বা তৎক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা অনুমতি/নবায়ন করবেন। অনুমতি/নবায়নের সিদ্ধান্ত আবেদন প্রাপ্তির এক মাসের মধ্যে চূড়ান্ত করা হবে।

৪। ৬" ব্যাসের উর্ধ্বে কোন গভীর নলকূপ অনুমোদন করা হবে না।

৫। প্রস্তাবিত নলকূপের স্থান ওয়াসার চালু বা প্রকল্প অনুসারে স্থাপিতব্য নলকূপের স্থান হতে কমপক্ষে ২৫০০ ফুট দূরে অবস্থিত হতে হবে।

৬। ওয়াসার গভীর নলকূপ নেই এমন এলাকায় ২৫০০ ফুট এর মধ্যে একাধিক নলকূপ স্থাপনের আবেদন করা হলে আবেদনের জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রথম আবেদনকারী প্রাধান্য পাবে।

৭। কেবলমাত্র সুনির্দিষ্ট লক্ষ্যে / উদ্দেশ্যে নলকূপের অনুমতি বিবেচনা করা হবে। অনুমোদিত লক্ষ্য/উদ্দেশ্য ছাড়া অন্য কোন উদ্দেশ্যে পানি ব্যবহার বা ওয়াসার অন্য কোন বাস্তব/সম্ভাব্য গ্রাহককে সংশ্লিষ্ট নলকূপ হতে পানি সরবরাহ করা হলে ইহা অবৈধ হিসেবে বিবেচ্য হবে, ইহা বন্ধ করে দেয়া হবে এবং ওয়াসার অধ্যাদেশের আওতায় শাস্তিযোগ্য অপরাধ হিসেবে বিবেচ্য হবে।

৮। অনুমোদিত উদ্দেশ্যের সম্পূরক বা বিকল্প উদ্দেশ্যে একই হোল্ডিংয়ে / কম্পাউন্ডে অনুমোদিত নলকূপ স্থাপনের পরবর্তীকালে পানির ব্যবহার অপরিহার্য হয়ে দাঁড়ালে লিখিত আবেদনের ভিত্তিতে চট্টগ্রাম ওয়াসা ইহা বিবেচনা করবেন এবং প্রয়োজনীয় শর্ত সহকারে/সম্পূরক/বিকল্প উদ্দেশ্যে পানি উত্তোলন ব্যবহারের অনুমতি ওয়াসা কর্তৃক বিবেচনা করা হবে।

৯। অনুমতি/বিনিউয়্যাল ফি বাৎসরিক ভিত্তিতে এককালীন ০১ (এক) টি বিলের মাধ্যমে দিতে হবে। এতদউদ্দেশ্যে প্রতি বৎসরের ২রা মার্চ (নির্দিষ্ট দিন সরকারী ছুটি থাকলে তার পরবর্তী কার্যদিবস) হতে পরবর্তী বৎসরের ১ মার্চ পর্যন্ত বৎসর গণ্য। গ্রেস পিরিয়ড পরবর্তী এক মাস মূল চার্জের ৫ঃ সারচার্জসহ, দ্বিতীয় মাসের মধ্যে ১০% সারচার্জসহ এবং তৃতীয় মাসের মধ্যে ১৫% সারচার্জসহ অনুমতিপ্রাপ্ত রিনিউয়্যাল ফি পরিশোধ করতে হবে। তৎপরবর্তী সারচার্জসহ মোট বিলের উপর প্রতিদিন ০.০১% হিসেবে সুদ দিতে হবে। অবশ্য গ্রেস পিরিয়ড এর পর রিনিউয়্যাল ফি দিতে ব্যর্থ হলে যেকোন সময় লাইসেন্সের অনুমতি বাতিল, পানি উত্তোলন বন্ধ এবং অন্যান্য ব্যবস্থা লাইসেন্সকারীর বিরুদ্ধে গ্রহন করা হবে।

১০। অনুমতি / রিনিউয়্যাল এক বৎসর করে দেয়া হবে। কোন বৎসরের অংশের জন্য পূর্ন অনুমতি / রিনিউয়্যাল ফি প্রদেয়।

১১। নতুন নলকূপের অনুমতি প্রদানের পূর্বে প্রাথমিক অনুমতি চার্জের বিল ডিমান্ড নোট আকারে জারী করা হবে এবং ইহা পরিশোধের পর অনুমতিপত্র ইস্যু করা হবে।

১২। ২ সেপ্টেম্বর , ১৯৮৯ এর পর বিনা অনুমতিতে স্থাপিত নলকূপ অবৈধ হিসেবে গন্য করা হবে এবং এই অবৈধ কার্যকলাপের জন্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। জনস্বার্থে যে কোন গভীর নলকূপ ১ মাস পূর্বে নোটিশ দিয়ে বন্ধ করে দেয়ার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষিত। সংশ্লিষ্ট মালিককে পানি সরবরাহ করা সাপেক্ষে ওয়াসা এ ক্ষমতা প্রয়োগ করবে।

১৪। জনস্বার্থে ওয়াসা যে কোন নলকূপের মালিকানা গ্রহণ নিজস্ব উদ্যোগে অথবা নলকূপ স্থাপনকারী মালিকের আবেদনের ভিত্তিতে বিবেচনা করতে পারে। এই ধরনের ক্ষেত্রে একটি মূল্যায়ন কমিটির সুপারিশ অনুসারে যুক্তিসংগত হারে মালিককে ক্ষতিপূরণ প্রদান ওয়াসা কর্তৃক বিবেচ্য।

**আবেদনকারীর স্বাক্ষর**

চলমাতা পাতা-৫

১৫। (ক) নলকূপের মালিক নলকূপে কত পানি উত্তোলন হচ্ছে তা মিটারের মাধ্যমে হিসাব রাখবেন এবং বৎসরান্তে এই হিসাব ওয়াসাকে প্রদান করবেন।

(খ) জনস্বার্থে গবেষণা ও পর্যালোচনার জন্য যে কোন নলকূপের পানি উত্তোলনের মাত্রা পরিমানের উদ্দেশ্যে প্রডাকশন মিটার স্থাপন করতঃ রিডিং সংগ্রহের অধিকার ওয়াসা কর্তৃক সংরক্ষিত।

১৬। যে কোন নলকূপ রি-ডেভেলপমেন্ট বা রি-সিনকিংয়ের জন্য ওয়াসার পূর্ব অনুমতি গ্রহণ করতে হবে। রি-সিনকিংয়ের ক্ষেত্রে নলকূপটি নতুন হিসাবে গণ্য হবে এবং সেই অনুসারে চার্জ প্রদেয়।

১৭। কর্তৃপক্ষের হিসাব বিভাগে ১০০/- (একশত) টাকা অফেরতযোগ্য জমা দিয়ে এই কার্যবিধি ও আবেদনের ক্রমিক নং--- যুক্ত নির্ধারিত ছক সংগ্রহ করে পূর্ন তথ্যসহ আবেদন দাখিল করতে হবে।

১৮। ৬০ ফুট এর উর্ধ্বে গভীর সম্পন্ন এবং বৈদ্যুতিক পাম্প/ সামারসিভল পাম্প দ্বারা পরিচালিত নলকূপ গভীর নলকূপ হিসেবে পরিগনিত হবে।

১৯। যে কোন দিন সূর্যোদয় হতে সূর্যাস্ত পর্যন্ত ওয়াসার ক্ষমতাপ্রাপ্ত যেকোন কর্মকর্তা / কর্মচারী যেকোন গভীর নলকূপ পর্যবেক্ষন করতে পারবে।

২০। একই স্থাপনায় একাধিক গভীর নলকূপ থাকলে প্রত্যেক গভীর নলকূপের জন্য পৃথক পৃথক লাইসেন্সের আবেদন করতে হবে।

২১। সংশ্লিষ্ট গভীর নলকূপের জন্য সরকার (স্থানীয় সরকার বিভাগ ) বা ওয়াসার পূর্ব অনুমতিপত্র থাকলে ইহার সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে সংযোজন করে দাখিল করতে হবে।

২২। কোন গভীর নলকূপের মালিক ১৫ ফেব্রুয়ারির মধ্যে আবেদন দাখিল করতে ব্যর্থ হলে এবং নবায়ন ছাড়া ১মার্চ এর পরে গভীর নলকূপ চালু রাখলে ইহা অবৈধ কাযকলাপ হিসেবে গণ্য হবে। এসব ক্ষেত্রে কর্তৃপক্ষ গভীর নলকূপটি বন্ধ করে দেয়া, জরিমানা আরোপ ও আদায়সহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন।

২৩। সর্বশেষ ২ জুন এর মধ্যে কোন মালিক সারচার্জসহ নবায়ন ফি পরিশোধ করে নবায়ন গ্রহণ করতে ব্যর্থ হলে কর্তৃপক্ষ জরিমানা আরোপসহ নবায়ন ফি আদায়, নলকূপ বন্ধ করে দেয়া, অবৈধ নলকূপ পরিচালনের জন্য ওয়াসা অধ্যাদেশের আওতায় দৈনিক ভিত্তিতে জরিমানা আরোপ ও আদায়সহ আইনানুগ ও অন্যান্য ব্যবস্থা গ্রহণ করবেন।

২৪। আবেদনকারী ব্যক্তি / প্রতিষ্ঠান প্রস্তাবিত নলকূপ স্থাপনের জায়গার সত্যায়িত খতিয়ান আবেদনের সাথে সংযুক্ত করবেন।

২৫। আবেদনকারী ব্যক্তি / প্রতিষ্ঠান স্বল্প মেয়াদী ইজারাদার বা ভাড়াটিয়া হলে ইজারা / ভাড়া চুক্তির সত্যায়িত ফটোকপি মালিকের খতিয়ানের সত্যায়িত ফটোকপিসহ =৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে মালিক হতে নলকূপ স্থাপনে অনাপত্তি এবং ইজারাদার / ভাড়াটিয়া কর্তৃক নলকূপের লাইসেন্সের চার্জ/ রিনিউয়্যাল ফি ও কর্তৃপক্ষের অন্যান্য দায় পরিশোধে ব্যর্থতার ক্ষেত্রে স্বয়ং মালিক ইহা পরিশোধ করতে বাধ্য থাকবেন এই মর্মে একটি ঘোষণাপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।

২৬। ওয়াসা মালিকানা বহির্ভূত ব্যক্তি / প্রতিষ্ঠান কর্তৃক নলকূপ স্থাপনে আবেদনকারী আবেদন ফরমে উল্লিখিত দৈনিক পানির চাহিদার একটি পরিমান সংযোজন করবেন। বর্তমানে সংশ্লিষ্ট হোল্ডিংয়ে দৈনিক কি ধরনের পানি ব্যবহার হচ্ছে এবং কোথায় থেকে উক্ত পানি আহরিত হচ্ছে তার বস্তুনিষ্ট বর্ণনা আবেদনের ২য় অংশে বর্ণনা করতে হবে।

২৭। এই আবেদনের সাথে সর্বশেষ মৌজা ম্যাপের সংশ্লিষ্ট অংশ সংযুক্ত করবেন। এ ম্যাপে বিদ্যমান নিকটবর্তী গভীর নলকূপের স্থান চিহ্নিত করতে হবে। এতদসংগে জায়গার মালিকের অংগীকার নামার একটি নমুনা সংযুক্ত করা হল। যদি লিমিটেড কোম্পানী হয়ে থাকে তাহলে রেজিস্ট্রার অব কোম্পানীর সার্টিফিকেটের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। ব্যক্তি মালিকানা ভিন্ন অন্য ক্ষেত্রে আবেদনকারী যে ক্ষমতা প্রাপ্ত হবে বোর্ড ডিরেক্টরদের সিদ্ধান্তের কপি সংযোজন করতে হবে। শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্রের প্রয়োজন হবে।

প্রস্তাবিত নলকূপের নিকটতম দূরবর্তী কত ফুটের মধ্যে পরবর্তী নলকূপ আছে তা উল্লেখ করলে, আবেদনের উপর সিদ্ধান্ত দেয়া কম সময়ের মধ্যে দেয়া সম্ভব হবে।

উপর্যুক্ত শর্ত সমূহ আমি সুস্থ মস্তিস্কে পড়ে ও দেখে মেনে চলার অংগীকার করছি।

**আবেদনকারী / মালিকের স্বাক্ষর ও তারিখ**

# জায়গার মালিকের অংগীকারনামার নমুনা সংযুক্ত করুন

এই মর্মে আমি ক্ষমতাপ্রাপ্ত হয়ে অংগীকার করছি যে, এই কার্যবিধি ও আবেদনের সকল শর্ত মেনে চলব। অন্যথায় ব্যক্তি হিসেবে আমি/ আমার কোম্পানী দায়ী থাকবে এবং যেকোন শাস্তি মেনে নিতে বাধ্য থাকবে।

**স্বাক্ষর ঃ**

নাম ..................................................................

তারিখ..................................

ফোন নম্বর (অবশ্যই দিতে হবে) ......................................

মোবাইল নম্বর...........................................................

............................................................